শনিবার, ২১ শে নভেম্বর হারভার্ড বিশ্ববিদ্যালয়ে একটি সাধারণ সভা অনুষ্ঠিত হয়। পঁচিশ জনের উপস্থিতিতে শ্রীসুরেন্দ্র বন্দ্যোপাধ্যায় এই সভায় সভাপতিত্ব করেন। সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হয়।

১) আমাদের বিবিধ সামাজিক ও সাংস্কৃতিক অনুষ্ঠান পালন ও আমাদের কৃষ্টিকে যথাযথ ভাবে এই দেশের জন সাধারণের মধ্যে প্রকাশ করার জন্য একটি সংস্থা গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

২) আপাতত সংস্থার নামকরণ করা হয়েছে "সংস্কৃতি"।

৩) বৃহত্তর ওয়াশিংটনের কর্মভারতী ও কৃষ্টির অনুরাগী যে কেহ এই সংস্থার সভ্য হতে পারেন।

৪) এই সংস্থার কার্যকরী সমিতি পাঁচজন সদস্য নিয়ে গঠিত হবে। সদস্যগণকে সাধারণ নির্বাচনের মাধ্যমে স্থির করা হবে।

৫) নির্বাচিত পাঁচজন সদস্য তাঁদের মধ্যথেকেই এই সংস্থার সভাপতি ও অন্যান্য সচিবদের স্থির করবেন।

সভা এই মত প্রকাশ করেছেন যে স্থায়ী সমিতির পাঁচজন সদস্য যথাসম্ভব প্রতিনিধিত্বমূলক হওয়াই কাম্য।

৬) এই নির্বাচন সমাধার জন্য সভা চারজন সদস্যবিশিষ্ট একটি অস্থায়ী কার্যকরী সমিতি গঠন করেছেন। সদস্যরা হলেন শ্রীঅমলকমু, অরুণশঙ্কর, পরিতোষ ঘোষ ও মদনমুখার্জী। স্থির হয়েছে, এঁরা সংস্থার সম্ভাব্য সদস্যদের সম্মতিক্রমে নির্বাচনপ্রার্থীদের নাম সকলের কাছে পাঠাবেন।

সভায় শারদীয় উৎসবের (১৯৭০ সাল) আয়ব্যয়ের হিসাব পেশ করা হয়।

আয়:

প্রবেশের চাঁদা	$ ১৪০.৫০
সভ্যদের বাড়তি	২০.৮১
মোট আয়	১৬১.৩১
মোট ঘাটতি	৩৮.৮৪
	$ ২০০.১৫

ব্যয়:

সান্ধ্যভোজ	১৪৩.৮৭
চিত্রপ্রদর্শন	৪৫.০০
বিবিধ	১১.২৮
মোট ব্যয়	২০০.১৫
	$ ২০০.১৫